গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়
ঢাকা ক্যান্টনমেন্ট।
www.dmlc.gov.bd

নং-২৩.২২.০০০০.০১৮.১১.০৪৩.১৯-২০৭

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ
২৯ মে ২০১৯ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন সেনানিবাসে ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বিদ্যমান নিম্নবর্ণিত শূন্যপদে নিয়োগের জন্য নির্ধারিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্র. নং	পদের নাম	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা
১.	প্রভাষক (ইংরেজি)	০১টি	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকে সংশ্লিষ্ট বিষয়সহ ২য় শ্রেণি/সমমানের স্নাতকোত্তর ডিগ্রি **অথবা** স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি ২য় শ্রেণি/সমমানের স্নাতক (সম্মান) ডিগ্রি; বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত শিক্ষাজীবনের অন্যান্য স্তরে যেকোনো ০১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে।
২.	প্রভাষক (পদার্থবিজ্ঞান)	০১টি	-ঐ-
৩.	প্রভাষক (গণিত)	০১টি	-ঐ-
৪.	প্রভাষক (ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা)	০১টি	-ঐ-
৫.	প্রদর্শক (রসায়ন)	০২টি	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সহ ২য় শ্রেণির স্নাতক ডিগ্রি/সমমানের ডিগ্রি **অথবা** সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর/সমমানের ডিগ্রি পর্যায়ের ২য় শ্রেণি থাকলে অন্যান্য পর্যায়ে যেকোনো ০১টি ৩য় বিভাগ/সমমানের ডিগ্রি গ্রহণযোগ্য হবে।
৬.	সহকারী শিক্ষক (বাংলা)	০১টি	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম ৩০০ নম্বরের বাংলাসহ স্নাতক ডিগ্রি/সমমানের ডিগ্রি ও বিএড ডিগ্রি/সমমানের ডিগ্রি **অথবা** সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ৩০০ নম্বরের বাংলাসহ স্নাতক ডিগ্রি/সমমানের ডিগ্রি।
৭.	সহকারী শিক্ষক (ইংরেজি)	০১টি	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম ৩০০ নম্বরের ইংরেজিসহ স্নাতক ডিগ্রি/সমমানের ডিগ্রি ও বিএড ডিগ্রি/সমমানের ডিগ্রি **অথবা** সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ৩০০ নম্বরের ইংরেজিসহ স্নাতক ডিগ্রি/সমমানের ডিগ্রি।
৮.	সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি)	০৩টি	কম্পিউটার বিজ্ঞান/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং এ স্নাতক/সমমানের ডিগ্রি অথবা বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড হতে ০৩ (তিন) বছর মেয়াদি ডিপ্লোমা ইন কম্পিউটার সায়েন্স ডিগ্রি।
৯.	সহকারী শিক্ষক (ধর্ম)	০৪টি	ফাজিল ডিগ্রি ও বিএড ডিগ্রি/সমমানের ডিগ্রি **অথবা** কামিল ডিগ্রি/সমমানের ডিগ্রি।
১০.	সহকারী শিক্ষক (বিজ্ঞান)	০১টি	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সহ স্নাতক ডিগ্রি/সমমানের ডিগ্রি ও বিএড ডিগ্রি/সমমানের ডিগ্রি **অথবা** সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রি/সমমানের ডিগ্রি।
১১.	সহকারী শিক্ষক (জীববিজ্ঞান)	০৫টি	-ঐ-
১২.	সহকারী শিক্ষক (ব্যবসায় শিক্ষা)	০১টি	-ঐ-
১৩.	সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান)	০৩টি	-ঐ-
১৪.	সহকারী শিক্ষক (গার্হস্থ্য অর্থনীতি)	০৪টি	-ঐ-
১৫.	সহকারী শিক্ষক (কৃষি)	০২টি	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে বিএসসি (পাস/সম্মান) (কৃষি/কৃষি অর্থনীতি/মৎস্য/পশুপালন/কৃষি প্রকৌশল/উদ্ভিদবিদ্যা/প্রাণীবিদ্যা/মৃত্তিকা বিজ্ঞান/ডিভিএম) **অথবা** কৃষি ডিপ্লোমা/সমমানের ডিগ্রি।
১৬.	সহকারী শিক্ষক (শারীরিক শিক্ষা)	০৪টি	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমানের ডিগ্রি ও বিপিএড/সমমানের ডিগ্রি।
১৭.	সহকারী গ্রন্থাগারিক	০১টি	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়সহ স্নাতক ডিগ্রি/সমমান অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমান এবং গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা। সমগ্র শিক্ষাজীবনের যেকোনো ০১টি ৩য় বিভাগ/সমমান গ্রহণযোগ্য হবে।
১৮.	জুনিয়র শিক্ষক	২৩টি	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো বিষয়ে স্নাতক ডিগ্রি/সমমানের ডিগ্রি।
১৯.	জুনিয়র শিক্ষক (ধর্ম)	০১টি	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রি/সমমানের ডিগ্রি।
২০.	জুনিয়র শিক্ষক (চারু ও কারুকলা)	০১টি	-ঐ-
২১.	জুনিয়র শিক্ষক (শারীরিক শিক্ষা)	০৩টি	স্বীকৃত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে ন্যূনতম স্নাতক ডিগ্রি/সমমানের ডিগ্রি ও জুনিয়র ফিজিক্যাল ডিপ্লোমা।
	মোট =	৬৪টি	

শর্তাবলি

১। প্রার্থীর বয়স ০১ এপ্রিল ২০১৯ তারিখে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর। প্রার্থীর বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর।

২। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলিঃ**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://dmlc.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে পারবেন। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত বিস্তারিত তথ্য ও নিয়মাবলী http://dmlc.teletalk.com.bd ও www.dmlc.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:-

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: **০১ জুন ২০১৯** খ্রিস্টাব্দ সকাল-**১০.০০টা।**

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: **৩০ জুন ২০১৯** খ্রিস্টাব্দ বিকাল-**০৫.০০টা।**

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে যে কোন টেলিটক প্রি-পেইড নম্বর থেকে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online-এ আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (৩০০×৩০০) pixel Size 100kb ও স্বাক্ষর (৩০০×৮০) pixel Size 80kb স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতো ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ ৫০০/- + সার্ভিস চার্জ বাবদ ৬০/- = মোট ৫৬০/- টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। **এখানে বিশেষভাবে উল্লেখ্য, 'Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও আবেদন ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না'।**

প্রথম SMS: DMLC<Space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: DMLC ABCDEF

Reply: Applicant's Name, Tk-560/- will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DMLC<Space>Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: DMLC<Space>YES<Space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: DMLC YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for DMLC Application for <post name> User ID is (ABCDEF) and password (xxxxxx).

চ. **প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dmlc.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।**

ছ. **SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।**

জ. শুধুমাত্র Teletalk pre-paid mobile ফোন থেকে প্রার্থীগণ নিম্নেবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে DMLC<Space>Help<Space>User<Space>User ID Send to 16222.
Example: DMLC HELP USER ABCDEF & Send to 16222

ii. PIN Number জানা থাকলে: DMLC<Space>Help<Space> PIN<Space>PIN No & Send to 16222.
Example: DMLC HELP PIN 12345678 & Send to 16222

৩। ১ থেকে ৪নং ক্রমিকের ক্ষেত্রে জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী ২২,০০০-৫৩,০৬০/- টাকা; ৫, ৮, ৯, ১৫ থেকে ১৭নং ক্রমিকের ক্ষেত্রে বেতনস্কেল ১৬,০০০-৩৮,৬৪০/- টাকা; ৬, ৭, ১০ থেকে ১৪নং ক্রমিকের ক্ষেত্রে বেতনস্কেল ১৬,০০০-৩৮,৬৪০/- টাকা (বিএডসহ) এবং বেতনস্কেল ১২,৫০০-৩০,২৩০/-টাকা (বিএড ব্যতীত); ১৮ থেকে ২১নং ক্রমিকের ক্ষেত্রে বেতনস্কেল ১২,৫০০-৩০,২৩০/- টাকা প্রদেয় হবে।

৪। আবেদনকারীর সমগ্র শিক্ষাজীবনে ০১ (এক)টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/জিপিএ ২.৫ এর নীচে গ্রহণযোগ্য নয়।

৫। বর্ণিত পদসমূহে নিয়োগপ্রাপ্তগণ পেনশন সুবিধা প্রাপ্য হবেন না তবে, 'কনট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড'-এর সুবিধা প্রাপ্য হবেন।

৬। কেবলমাত্র NTRCA কর্তৃক নিবন্ধনকৃত বৈধ সনদধারীগণ প্রভাষক ও সহকারী শিক্ষক পদে আবেদন করতে পারবেন। প্রদর্শক, সহকারী গ্রন্থাগারিক ও জুনিয়র শিক্ষক পদের ক্ষেত্রে এ শর্ত প্রযোজ্য নয়।

৭। প্রার্থীদের লিখিত, মৌখিক ও পাঠদান (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষা নেয়া হবে।

৮। চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ করে আবেদন করতে হবে এবং উক্ত অনুমতি পত্র মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

৯। মৌখিক পরীক্ষার সময় অবশ্যই সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

১০। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন ভ্রমণ/দৈনিক ভাতা প্রদান করা হবে না।

১১। নিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য সরকারের প্রচলিত সর্বশেষ বিধি-বিধান অনুসরণ করা হবে।

১২। উক্ত চাকুরি সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বদলিযোগ্য।

১৩। নিয়োগ সংক্রান্ত এ বিজ্ঞপ্তির সংশোধন/বাতিল/শূন্যপদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধির ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/-
মহাপরিচালক (অঃ দাঃ)
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা ক্যান্টনমেন্ট।